# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৭২

২৯/ দু‘আ ও যিকর

পরিচ্ছেদঃ ক্ষমাপ্রার্থনামূলক নির্দেশাবলী ক্ষমা প্রার্থনা করার আদেশ ও তার মাহাত্ম্য

আরবী

وَعَنِ ابْنِ مَسعُودٍ قَالَ : قَالَ رَسُوْلُ اللهِ ﷺ مَنْ قَالَ : أَسْتَغْفِرُ اللهَ الَّـذِيْ لَا إِلٰـهَ إلاَّ هُوَ الحَيُّ القَيُّومُ وَأتُوبُ إِلَـيْهِ غُفِرَتْ ذُنُوبُهُ وَإنْ كانَ قَدْ فَرَّ مِنَ الزَّحْفِ رواه أبو داود والترمذي والحاكم وقال حديث صحيح على شرط البخاري ومسلم

বাংলা

(৩৬৭২) ইবনে মাসঊদ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি এ দু’আ পড়বে, ’আস্তাগফিরুল্লা-হাল্লাযী লা ইলা-হা ইল্লা হুওয়াল হাইয়্যুল ক্বাইয়্যূমু অ আতূবু ইলাইহ্।’

অর্থাৎ, আমি সেই আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করছি যিনি ছাড়া কোন সত্য উপাস্য নেই। যিনি চিরঞ্জীব, অবিনশ্বর। এবং আমি তাঁর কাছে তওবা করছি।

সে ব্যক্তির পাপরাশি মার্জনা করা হবে; যদিও সে রণক্ষেত্র ছেড়ে পালিয়ে (যাওয়ার পাপ করে) থাকে।

ফুটনোট

(আবূ দাঊদ ১৫১৯, তিরমিযী ৩৫৭৭, হাকেম ১৮৮৪; ইনি বলেন, হাদীসটি বুখারী-মুসলিমের শর্তাধীনে বিশুদ্ধ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসঊদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67420

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন